# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ২. ১৩. ঈশ্বরের পুত্র শলোমনের মহাপাপ সমাচার

দাউদের পুত্র শলোমন (সুলায়মান আ.) বাইবেলের অন্যতম শ্রেষ্ঠ নবী। তিনি উরিয়ের স্ত্রী বৎশেবার (Bathsheba) সন্তান। দাউদের পূর্বের স্ত্রীগুলোর ঘরে আরো অনেক পুত্র ছিল। তবে ঈশ্বর দাউদের সিংহাসন রক্ষার জন্য বৎশেবার পুত্রকেই বেছে নিলেন। রহস্য আমরা জানি না। তবে দাউদের অন্য সকল স্ত্রী তাঁর বৈধ বিবাহের স্ত্রী ছিলেন। বিবাহের মাধ্যমে দাউদ তাদের সঙ্গ পেয়েছেন। পক্ষান্তরে উরিয়ের স্ত্রী বৎশেবাকে দাউদ বিবাহের আগেই উপভোগ করেছেন এবং অবৈধ সম্পর্ক প্রতিষ্ঠা করেছেন। আর ঈশ্বর দাউদের অন্য সকল স্ত্রীকে বাদ দিয়ে বৎশেবাকেই বেছে নিলেন তাঁর প্রিয় পুত্র শলোমন এবং অন্য পুত্র যীশুর মাতা ও মাতামহ হিসেবে।

বাইবেলের কয়েকটা পুস্তক শলোমনের রচিত বলে দাবি করেন ইহুদি ও খ্রিষ্টানরা। ঈশ্বর তাঁর এ পুত্রের বিষয়ে বলেছেন: কেননা তার নাম সোলায়মান (শান্ত) হবে এবং তার সময়ে আমি ইসরাইলকে শান্তি ও নির্বিঘ্নতা দেব। সেই আমার নামের জন্য গৃহ নির্মাণ করবে; আর সে আমার পুত্র হবে, আমি তার পিতা হব এবং ইসরাইলে তার রাজ সিংহাসন চিরকালের জন্য স্থায়ী করবো।" (১ বংশাবলি/ খান্দাননামা ২২/৬-১০। আরো দেখুন: ২ শমূয়েল ৭/১২-১৪)

ঈশ্বর তাঁর এ প্রিয় পুত্রকে সর্বোচ্চ জ্ঞান ও প্রজ্ঞা প্রদান করেছিলেন। ঈশ্বর শলোমনকে বলেন: "আমি তোমার অন্তরে এমন জ্ঞান ও বিচারবুদ্ধি দিলাম যার জন্য দেখা যাবে যে, এর আগে তোমার মত আর কেউ ছিল না আর পরেও হবে না।" (১ বাদশাহনামা ৩/১২) সর্বকালের সর্বশ্রেষ্ঠ জ্ঞানী এ ঈশ্বর-পুত্র (ইবনুল্লাহ) সম্পর্কে অনেক অশোভনীয় কথা বাইবেলের মধ্যে বিদ্যমান। কয়েকটা বিষয় দেখুন:

Source — https://www.hadithbd.com/books/link/?id=14340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন